

ঢাবি অ্যালামনাইয়ের পথচলার ৭১ বছর



বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

২৯ সেপ্টেম্বর ২০১৯ ০০:০০ | আপডেট: ২৮ সেপ্টেম্বর ২০১৯ ২৩:৫১

প্রতিষ্ঠার ৭১ বছর
উদযাপন করেছে

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন শিক্ষার্থীদের সংগঠন ‘ঢাকা বিশ্ববিদ্যালয় অ্যালামনাই অ্যাসোসিয়েশন’। গতকাল বিকালে বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্রে (টিএসসি) আলোচনাসভা ও সাংস্কৃতিক পরিবেশনায় দিনটি উদযাপন করেছে সংগঠনটি। জাতীয় পতাকা উন্মোলন ও বেলুন উড়িয়ে প্রতিষ্ঠাবার্ষিকীর উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক আখতারুজ্জামান। পরে কেক কাটেন আমন্ত্রিত অতিথিরা। এর পর শুরু হয় আলোচনাসভা। শেষে সাংস্কৃতিক পরিবেশনা উপস্থাপন করেন নৃত্যকলা বিভাগের শিক্ষার্থীরা।

অনুষ্ঠানে প্রধানমন্ত্রীর উপদেষ্টা তোফিক-ই-ইলাহী চৌধুরী, ইমেরিটাস অধ্যাপক সিরাজুল ইসলাম চৌধুরী, বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক মুহাম্মদ সামাদ, জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান মোশাররফ হোসেন, ডাকসুর সাবেক জিএস মোশতাক হোসেন, অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সাবেক সভাপতি সৈয়দ মঞ্জুর এলাহী, সাবেক মহাসচিব রকীবউদ্দীন, সভাপতি একে আজাদ, মহাসচিব রঞ্জন কর্মকার প্রমুখ উপস্থিত ছিলেন।

advertisement

অধ্যাপক সিরাজুল ইসলাম চৌধুরী বিশ্ববিদ্যালয়ের শতবর্ষ উদযাপনকে সামনে রেখে বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণকে একটি গ্রন্থ প্রাঙ্গণ হিসেবে এবং সংগ্রামের ইতিহাস সংরক্ষণের জন্য একটা মুক্তি-সংগ্রাম সংরক্ষণশালা গড়ে তোলার প্রস্তাব করেন।

তোফিক-ই-ইলাহী চৌধুরী গবেষণায় সহায়তায় অ্যালামনাই অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে একটি টাঙ্কফোর্স গঠনের প্রস্তাব দেন। অ্যালামনাই অ্যাসোসিয়েশন তার দীর্ঘ পথচলায় বিশ্ববিদ্যালয়ের উন্নয়নে যোভাবে কাজ করে চলেছে, আগামীতেও তা অব্যাহত থাকবে বলে আশাবাদ ব্যক্ত করেন উপাচার্য অধ্যাপক আখতারুজ্জামান।

advertisement

অ্যাসোসিয়েশনের সভাপতি একে আজাদ বলেন, বিশ্ববিদ্যালয়ের উন্নয়নে অ্যালামনাই অ্যাসোসিয়েশনের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। আগামীতে বিশ্ব র্যাংকিংয়ে উন্নতির জন্য বিশ্ববিদ্যালয়ের সঙ্গে যৌথভাবে উদ্যোগ নেওয়ার প্রতিশ্রূতি দেন তিনি।